

## ভর্তি

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রতিবন্ধী কোটায় ভর্তি-ইচ্ছুকদের সাক্ষাৎকারের তারিখ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৪ মার্চ ২০২৬, ১৩: ৫৭



রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে শারীরিক প্রতিবন্ধী কোটায় ১ম বর্ষ স্নাতক (সম্মান) ও স্নাতক শ্রেণিতে ভর্তির জন্য উত্তীর্ণ শিক্ষার্থীদের নির্বাচনী সাক্ষাৎকারের তারিখ ঘোষণা করা হয়েছে। আগামী ২৮ মার্চ অনুষ্ঠিত হবে ভর্তিপ্রক্রিয়া।

এ-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ওই দিন শনিবার সকাল সাড়ে ৯টা থেকে বেলা ১টা পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রের প্রধান চিকিৎসকের কক্ষে এ সাক্ষাৎকার নেওয়া হবে। এদিন এ, বি ও সি ইউনিটের শিক্ষার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড, পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধীর সনদ সঙ্গে আনতে হবে।

এ ছাড়া কোনো শিক্ষার্থীর নাম একাধিক ইউনিটে থাকলেও সাক্ষাৎকারে তাঁকে কেবল একবার অংশ নিতে হবে। সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

